৪ বর্ষ ৩৫ সংখ্যা ১৮ জানুয়ারি ২০০২/৫ মাঘ ১৪০৮

এই শতাব্দীর সাপ্তাহিক ২০০০

জোট সরকার ইতিমধ্যে ক্ষমতা গ্রহণের একশ' দিন অতিবাহিত করেছে। ক্ষমতা গ্রহণের পর প্রধানমন্ত্রী খালেদা জিয়ার জাতির উদ্দেশে দেয়া ভাষণও শত দিন অতিবাহিত হতে চলছে। এখন শুরু হয়েছে বিএনপি নেতৃত্বাধীন জোট সরকারের সফলতা ও ব্যর্থতার হিসেব। বিগত আমলের ক্রমবর্ধমান সন্ত্রাসের বিরুদ্ধে জনগণ জোট সরকারকে মূলত ভোট দেয়। এ কারণেই নির্বাচনে জোট নিরঙ্কুশ আসনে বিজয়ী হয়। নির্বাচনোত্তর সহিংসা ও ধর্মীয় সংখ্যালঘুদের ওপর নির্যাতন সরকারকে প্রথমে বিব্রতকর পরিস্থিতির মধ্যে ফেলে দেয়। তবে সন্ত্রাসের দায়ে দলীয় সংসদ সদস্য পিন্টুর গ্রেপ্তার নিঃসন্দেহে শুভ উদ্যোগ।



এই শত দিনের সরকারের রয়েছে বেশ কিছু সফলতা। ঢাকা মহানগর ১ জানুয়ারি থেকে পলিথিনমুক্ত করা হয়েছে। বিশ বছরের ব্যবহৃত যানবাহন নিষিদ্ধ করা হয়েছে। সরকার স্কুলগামী শিক্ষার্থীদের জন্য সঠিক সময়ে বই পৌঁছে দিতে পেরেছে। সফলতার সঙ্গে ব্যর্থতার হিসেবের খাতাও হয়েছে দীর্ঘতর। ক্ষমতায় এসেই চলেছে দখলের রাজনীতি। চাঁদাবাজি। প্রশাসনে দলীয় লোক নিয়োগ। ঢালাও রদবদল নিয়ে প্রশাসনে ক্ষোভ বিরাজ করছে। দলীয়করণের কারণেই বাংলাদেশ আন্তর্জাতিক ফুটবল থেকে নিষিদ্ধ হয়েছে। ক্ষুণ্ন হয়েছে জাতীয় ভাবমূর্তি। অর্থনৈতিক মন্দা ও দ্রব্যমূল্যের ঊর্ধ্বগতিতেও সরকার রয়েছে বিপাকে।

একশ' দিন কোনো সরকারের জন্য যথেষ্ট সময় নয়। আমাদের মতো তৃতীয় বিশ্বের হাজার সমস্যা জর্জরিত দেশে জনগণের আকাশচুম্বী আশা পূরণ সত্যিই দুরুহ। তবে জনগণ আশা করে, সরকার প্রতিশ্রুতি মতো জনগণের সমস্যা সমাধানে আন্তরিক হবে। বিরোধী দলও সরকারকে গঠনমূলক সমালোচনা করে, সঠিক পথে নিয়ে যাবে।